

বাকুবি প্রতিষ্ঠার উদ্দেশ্য সফল হয়েছে ॥

শিক্ষামন্ত্রী

বাকুবি সংবাদদাতা ৭। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) প্রতিষ্ঠার উদ্দেশ্য সফল হয়েছে। কৃষিকে এগিয়ে দিতে যে এ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীদের অবদান অন্যতম। তাঁদের কারণেই আজ দেশ শাকসবজি ও মাছ উৎপাদনে বিশ্বে চতুর্থ স্থানে উঠে এসেছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এ কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৫৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের হ্যালিপ্যাডে বেলুন ও সাদা পায়রা উড়িয়ে দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ জসিমউদ্দিন খানের সভাপতিত্বে 'বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অর্জন ও সমুখ ভাবনা' শীর্ষক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সম্মানিত অতিথি ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, বিশেষ অতিথি সংসদ সদস্য ও বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য কৃষিবিদ আব্দুল মান্নান উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মোঃ আলী আকবর। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইমেরিটাস অধ্যাপক ও বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. এম এ সান্তার মডল।

(Handwritten signature)